# উত্তরা বিমান দূর্ঘটনায় আহতদের চিকিৎসার জন্য ৫০ লক্ষ টাকার অর্থ সহায়তার ঘোষণা জামায়াতের




সংগৃহীত ছবি

উত্তরার মাইলস্টোন স্কুলে বিমানবাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের মর্মান্তিক ঘটনায় আহতদের চিকিৎসা সহায়তায় প্রাথমিকভাবে ৫০ লক্ষ টাকা অনুদান দিচ্ছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলের আমীর ডা. শফিকুর রহমান সামাজিক যোগাযোগমাধ্যমে এই সহায়তা ঘোষণা করেন এবং চিকিৎসকদের প্রতি আহ্বান জানান আহতদের পাশে দাঁড়ানোর।

রাজধানীর উত্তরা ১১ নম্বর সেক্টরের মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ভবনে গত সোমবার (২১ জুলাই) বাংলাদেশ বিমান বাহিনীর একটি যুদ্ধ প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়। যান্ত্রিক ত্রুটিজনিত এ দুর্ঘটনায় ভবনে আগুন ধরে গেলে বহু হতাহতের ঘটনা ঘটে। এখন পর্যন্ত প্রাণ হারিয়েছেন অন্তত ৩১ জন, যাদের অধিকাংশই স্কুলের শিক্ষার্থী। নিহতদের মধ্যে বিমানটির পাইলটও রয়েছেন।

এই হৃদয়বিদারক ঘটনায় আহতদের পাশে দাঁড়াতে আর্থিক সহায়তার ঘোষণা দিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। মঙ্গলবার (২২ জুলাই) জামায়াত আমীর ডা. শফিকুর রহমান তার ভেরিফায়েড ফেসবুক আইডিতে পোস্ট দিয়ে জানান, “উত্তরা মাইলস্টোন স্কুলে মর্মান্তিক বিমান বিধ্বস্তের ঘটনায় আহতদের জন্য বাংলাদেশ জামায়াতে ইসলামী পক্ষ থেকে প্রাথমিকভাবে ৫০ লক্ষ টাকার চিকিৎসা সহায়তা প্রদান করা হবে, ইনশাআল্লাহ।”

LENS ASIA

তিনি জানান, প্রয়োজনে এই সহায়তার পরিমাণ আরও বাড়ানো হতে পারে। পাশাপাশি দেশের চিকিৎসকদের প্রতি মানবিক দায়িত্ববোধ থেকে স্বেচ্ছায় আহতদের চিকিৎসায় এগিয়ে আসার অনুরোধ জানান তিনি।

ডা. শফিকুর রহমান এ সময় মহান আল্লাহর কাছে দোয়া করেন, যেন সমাজের প্রতিটি মানুষ এই দুর্যোগে সহানুভূতিশীল হয়ে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ায়।